(ঙ) সম্পত্তির আয় হইতে টাকা খাটাইয়া ; অথবা

(চ) সভ্য বা অপর কাহারও নিকট হইতে চাঁদা তুলিয়া।

## শেয়ার বা অংশগত মূলধন

১৪। (১) সমিতির অংশগত **পাঁচ লক্ষ** (৫,০০,০০০) টাকায় সীমাবদ্ধ থাকিবে। উক্ত টাকা প্রতিটি ১০ টাকার মূল্যের ২০,০০০ টি 'এ' শ্রেণীর এবং ১০০ টাকা মূল্যের ৩০০০টি 'বি' শ্রেণীর অংশে বিভক্ত থাকিবে।

সমিতির সহিত পরামর্শক্রমে নিবন্ধক কর্তৃক স্থিরীকৃত 'বি' শ্রেণীর অংশ সমিতি পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

প্রকাশ থাকে যে, সমিতির কোন বছরে তাহার পূর্ববর্তী বছরের ৩১শে মার্চ তারিখে যত টাক মূল্যের 'বি' শ্রেণীর শেয়ার থাকিবে তাহার অনধিক ১/১০ ভাগ পরিশোধ করিতে সমিতি বাধ্য থাকিবে।

(২) সমিতির 'এ' শ্রেণীর আদায়ীকৃত অংশগত মূলধন এক-পঞ্চমাংশ মূল্যের শেয়ারের অধিক পরিমাণ অংশ কোন 'এ' শ্রেণীর সভ্য গ্রহণ করিতে পারিবে না।

## শেয়ারের টাকা প্রদান

১৫। (১) শেয়ার বিলিকরণের সঙ্গে অথবা বোর্ড অফ ডিরেক্টরস্ যেরূপ কিস্তিতে চান, সেইভাবে 'এ' শ্রেণীর শেয়ারের জন্য টাকা দিতে হইবে। 'বি' শ্রেণীর শেয়ারের টাকা এককালীন আদায়যোগ্য হইবে।

## শেয়ার সার্টিফিকেট

১৬। (১) প্রত্যেক সভ্য তাঁহার গৃহীত অংশের জন্য সমিতি মোহরাঙ্কিত একটি শেয়ার সার্টিফিকেট পাইবেন এবং এই সার্টিফিকেট তাঁহার অংশের সংখ্যা ও প্রদত্ত টাকা অঙ্কে উল্লেখ থাকিবে এইরূপ সার্টিফিকেট বা সভাপতি বা সহকারি সভাপতি এবং সাধারণ সম্পাদকের স্বাক্ষর থাকিবে।

(২) কোন শেয়ার সার্টিফিকেট বিকৃত, নিষ্ট বা হারাইয়া গেলে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি দেবার পর নূতন সার্টিফিকেট দেওয়া যাইবে।

## শেয়ার হস্তান্তকরণ

১৭। (১) কোন সভ্য তাঁহার প্রদত্ত 'এ' শ্রেণীর অংশের মূল্য নগদ ফেরত পাইবেন না যদি তি সমিতির সভ্য থাকিতে না চান তবে তাঁহার প্রদত্ত অংশ বোর্ড অফ ডিরেক্টরস্-এর ম উপযুক্ত ব্যক্তির নিকট হস্তান্তর করিতে পারেন।

(২) কোন সভ্যের মৃত্যু হইলে আইনানুসারে মনোনীত ব্যক্তির নিকট, অথবা ঐরূপ মনোনী ব্যক্তি না থাকিতে মৃত সভ্যের ওয়ারিশ অথবা আইনানুসারে তাঁহার স্থলাভিষিক্ত কো ব্যক্তি সভ্য হইবার উপযুক্ত হইলে তাঁহার মনোনীত ব্যক্তি, ওয়ারিশ বা স্থলাভিষি ব্যক্তি যদি সভ্য হইবার উপযুক্ত অন্য কোন ব্যক্তির নামে অংশ হস্তান্তর করার জ দরখাস্ত করেন তাহা হইলে তাঁহার নামে অংশ হস্তান্তর করা যাইবে।



## কর্জ গ্রহণ

১৮। (ক) সমিতি সমবায় ব্যাঙ্কের সদস্য হইলে ব্যাঙ্কের বিনা অনুমতিতে সদস্য নন এমন ব্যক্তিদের নিকট হইতে ঋণ গ্রহণ বা আমানত সংগ্রহ করিতে পারিবে না। যে ক্ষেত্রে সমিতি সমবায় ব্যাঙ্কের সদস্য নয় সে ক্ষেত্রে নিবন্ধকের নিকট হইতে এ অনুমতি আদায় করিতে হইবে।

(২) নিবন্ধকের অনুমোদন ব্যতিরেকে সমিতি, আমানত বা কর্জ গ্রহণ করিয়া বা অন্য কোন উপায়ে, আদায়ীকৃত শেয়ারগত মূলধন ও সেই সময় সমিতির কারবারের বাইরে সংরক্ষিত তহবিলের যে অংশ পৃথকভাবে খাটানো হইয়াছে, উভয়ের যোগফলের পঁচিশ গুণের বেশি দায়িতা গ্রহণ করিতে পারিবে না।

(৩) সমিতি এক বৎসরে সর্বোচ্চ কত পরিমাণ দেনা করিতে পারিবে, তাহা প্রতি বৎসর সাধারণ সভায় স্থির করা হইবে এবং উক্ত নির্ধারিত সর্বোচ্চ পরিমাণ টাকার বেশি সমিতি কর্জ করিতে পারিবে না।

প্রকাশ থাকে যে, নিবন্ধক যে কোন সময় সাধারণ সভা কর্তৃক নির্ধারিত সীমা সংশোধন করিতে পারিবেন এবং নিবন্ধক কর্তৃক সীমা নির্দিষ্ট হইলে তাহা লঙ্ঘন করা যাইবে না।

(৪) সমিতির সভ্য নহেন এমন যে কোন ব্যক্তির বা প্রতিষ্ঠানের নিকট হইতে সর্বোচ্চ কত পরিমাণে দেনা করা যাইবে তাহা মধ্যে মধ্যে সভা স্থির করিয়া দিবেন এবং নিবন্ধক কর্তৃক তাহা অনুমোদন করাইয়া লইতে হইবে।

## নগদ টাকা

১৯। আমানতকারীদের চাহিদা মিটাইবার জন্য সমিতি নিম্নলিখিত হারে নগদ টাকা বা সহজে নগদ টাকায় পরিবর্তন করা যায় এরূপ সম্পত্তি রাখার ব্যবস্থা করিবেন—

(ক) আগামী ৩ মাসের মধ্যে দেয় স্থায়ী আমানতের শতকরা ২৫ ভাগ ;

(খ) পরবর্তী ৩ মাসের মধ্যে দেয় অর্থাৎ ৬ মাসের মধ্যে দেয় স্থায়ী আমানতের শতকরা সাড়ে বারো ভাগ ;

(গ) সঞ্চিত আমানতের শতকরা ২৫ ভাগ ;

(ঘ) চলতি আমানতের শতকরা ৪০ ভাগ ;

বিশেষ ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদনসহ উপরিউক্ত হার কমানো যাইতে পারে।

## সমিতির তহবিল বিনিয়োগ

২০। সমিতির তহবিল নিম্নোক্ত উদ্দেশ্যে খাটানো যাইতে পারিবে—

(ক) আর্থিক উন্নতিবিধায়ক ব্যবসা-বাণিজ্য এবং উন্নততর জীবনধারণের উদ্দেশ্যে সভ্যগণকে সুযোগ দেওয়া ;

(খ) সভ্যগণকে কর্জ বা অগ্রিম দাদন দেওয়া ;

(গ) সভ্যগণের হিতার্থে টাকা খাটানো ;

(ঘ) সভ্যগণের হিতার্থে প্রয়োজনীয় পণ্য ও দ্রব্যাদি ক্রয়ের জন্য।

(ক) বোর্ড অফ ডিরেক্টরস্ ঋণ দাদনে জন্য শর্ত প্রণয়ন করিবেন। প্রতিটি ঋণের ক্ষেত্রে কি ধরনের জামিন গ্রহণ যোগ্য তাহা স্থির করিবেন। কিস্তির পরিমাণ ও পরিশোধের সময় সীমা, সুদ ধার্য্য করা ও জমিদারের সংখ্যা ইত্যাদি।

## ঋণের জামিন

২৭। (১) সাধারণত ১০,০০০ টাকা উর্ধ্বের ঋণের জন্য জমি বন্ধক রাখিতে হইবে।

(২) কোন সভ্যকে উপযুক্ত বিবেচনা করিলে তাহার ব্যবসায়িক পরিকল্পনা ভিত্তিতে এবং অন্য প্রকারের জামিন ব্যতিরেকে ঋণ মঞ্জুর করা যাইবে, কিন্তু তাহার পরিমাণ ৫,০০০ টাকার উর্ধ্বে হইবে না।

(৩) কোনও কোনও ক্ষেত্রে ব্যক্তিগত জামিন লইয়া সভ্যকে ঋণ মঞ্জুর করা যাইবে ; অনূর্ধ্ব ১০০০ ঋণের জন্য একজন এবং অনূর্ধ্ব ৫,০০০ টাকার জন্য দুইজন জামিনদার প্রয়োজন হইবে। জামিনদারকে সমিতির সভ্যশ্রেণীভুক্ত হইতে হইবে।

## তহবিল সংরক্ষণ

২৮। সমিতির তহবিলের যে টাকা অন্যত্র না খাটিবে বা গচ্ছিত না থাকিবে, তাহা বোর্ড অফ ডিরেক্টরস্ কর্তৃক নিযুক্ত কোষাধ্যক্ষের নিকট থাকিবে এবং তাঁহার নিকট হইতে কিরূপ জামিন লওয়া হইবে বা এ সম্পর্কে শর্তাদি কিরূপ হইবে তাহা বোর্ড অফ ডিরেক্টরস্ স্থির করিয়া দিবেন।

## তহবিলের টাকা খাটাইবার ব্যবস্থা

২৯। সমিতির তহবিলের যে টাকা অন্যত্র না খাটিবে বা গচ্ছিত না থাকিবে সেই টাকা নিম্নলিখিতভাবে খাটানো যাইতে পারে বা গচ্ছিত রাখা চলে—

(ক) সরকারি সেভিংস ব্যাঙ্কে ; অথবা

(খ) ১৮৮২ সালের ইণ্ডিয়ান ট্রাস্ট আইনের ২০নং ধারায় নির্দিষ্ট সিকিউরিটি সমূহে ; অথবা

(গ) নিবন্ধকের অনুমতি লইয়া কোন সীমাবদ্ধ দায়িত্বযুক্ত সমবায় সমিতির শেয়ার, ডিবেঞ্চার বা সিকিউরিটিতে ; অথবা

(ঘ) ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ (পশ্চিমবঙ্গ রাজ্য সমবায়) ব্যাঙ্ক,

(ঙ) নিবন্ধকের অনুমতি সাপেক্ষে যে কোন ভাবে।

## কার্য নির্বাহের ধারা

৩০। (১) বোর্ড অর্ফ ডিরেক্টরস্ সেরূপ উপযুক্ত মনে করিলে সমিতি রেজিস্ট্রিকরণের পর যথাশীঘ্র সম্ভব সমিতির কার্যাবলী শুরু করিতে পারেন।

(২) উপবিধিসমূহে বর্ণিত উদ্দেশ্যাবলীর ভিতরে যে কোন একটি বা সমস্তগুলিই সমিতির কার্যাবলীর অন্তর্ভুক্ত হইবে।

(৩) আইন ও নিয়মাবলীর বিধান এবং নিবন্ধকের নিকট হইতে বিভিন্ন সময়ে প্রাপ্ত নির্দেশাবলী সাপেক্ষে সমিতি ইচ্ছা করিলে সভ্য নহেন, এইরূপ ব্যক্তিগণের সহিত কারবার চালাইতে পারেন, যদি তাহা সমিতির সভ্যগণের স্বার্থে পরিপূরক হয়।



(৪) সমিতির উদ্দেশ্য কার্যে পরিণত করিবার জন্য বোর্ড অফ ডিরেক্টরস্ একটি কর্মসূচী এবং ঐ কর্মসূচী সুচারুরূপে কার্যে পরিণত করিবার উপযুক্ত নিয়মাবলী প্রস্তুত করিবেন।

## সাধারণ সভা

৩১। সমিতির যাবতীয় কার্য সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ভার সমিতির সভ্যগণের সাধারণ সভার উপর ন্যস্ত থাকিবে। সাধারণ সভায় মোটামুটি সমিতির সমস্ত কাজকর্ম বিশেষত বোর্ড অফ ডিরেক্টরস্-এর কার্যাদি বিবেচনা করা হইবে এবং সমিতির স্বার্থরক্ষার জন্য প্রয়োজনীয় সকলপ্রকার বিধিব্যবস্থা অবলম্বিত হইবে।

৩২। (১) আইনের ২৫নং ধারা অনুসারে প্রতি সমবায় বৎসরে অন্তত একবার করিয়া সমিতির বাৎসরিক সাধারণ সভার অধিবেশন করিতে হইবে।

(২) সমিতির রেজিস্টারি হইবার ১৫ মাসের মধ্যে প্রথম বার্ষিক সাধারণ অধিবেশন করিতে হইবে। প্রত্যেক বাৎসরিক সাধারণ সভার ১২ মাসের মধ্যে পরবর্তী বার্ষিক সাধারণ সভার অধিবেশন করিতে হইবে।

(৩) ১ ও ২-এ উল্লেখিত সময়, উত্তীর্ণ হইবার অন্তত দুই মাস পূর্বে বোর্ড অফ ডিরেক্টরস্ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের ব্যবস্থা করিতে অপারগ হইলে বা ঐ সম্পর্কে কোন নির্দেশ না দিলে যথাক্রমে সভাপতি বা সহ-সভাপতি বা মুখ্য নির্বাহী আধিকারিক বা ম্যানেজিং ডিরেক্টর ঐ সভা আহ্বান করবেন। তবেই হউক না কেন সমিতি যদি বিগত বার্ষিক সাধারণ সভার তারিখ হইতে পরবর্তী ১২ মাসের মধ্যে বার্ষিক সাধারণ সভা ডাকিতে ব্যর্থ হয় তাহলে নিবন্ধক তার পরবর্তী ৩ মাস অর্থাৎ ১৫ মাসের মধ্যে নিজে ডাকেবেন বা ডাকিবার জন্য কাউকে ক্ষমতা দিবেন। ১৫ মাস অতিক্রান্ত হলেও রাজ্য সরকার বিশেষ পরিস্থিতিতে নিবন্ধককে বাৎসরিক সাধারণ সভা ডাকিবার অনুমতি দিতে পারেন।

(৪) বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ঃ—

(ক) প্রয়োজনবোধে নিয়মাবলী অনুসারে বোর্ডের ডাইরেক্টরদের নির্বাচন করা যদি আদালতের রায় অথবা অন্য কোন আইনসম্মত কারণে নির্ধারিত সময় মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হয় তবে রেজিস্টার মহোদয় ~~সমিতির নির্ধারিত সময় মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হয় তবে রেজিস্টার মহোদয়~~ সমিতির সদস্যদের মধ্য থেকে ২৭ ধার মতে বোর্ড গঠন করে কর্মকর্তাদের নিয়োগ করতে পারবেন। সেই বোর্ড অফ ডিরেক্টরস্ ও কর্মকর্তাগণ যতদিন না নতুন বোর্ড অফ ডিরেক্টরস্ গঠিত হচ্ছে ততদিন কাজ চালিয়ে যাবেন।

(খ) বিগত বার্ষিক সাধারণ সভার গৃহীত প্রস্তাব সম্বলিত কার্য বিবরণী বিবেচনা ও তা রেকর্ড করা।

(গ) বোর্ড অফ ডিরেক্টরস্ কর্তৃক প্রস্তুত বার্ষিক প্রতিবেদন বিবেচনা, এবং আগামী বৎসরের বাজেট ও সমিতির কর্ম পরিকল্পনা অনুমোদন।

অনুষ্ঠিত হইবে। মুলতুবি রাখার নোটিস সমিতির প্রধান কার্যালয়, শাখাসমূহে এবং স্থানীয় পঞ্চায়েত অফিসে বিজ্ঞাপিত করিতে হইবে।

## সাধারণ সভার অধিবেশনে ভোট দিবার নিয়ম

৩৭। (১) সাধারণ সভার অধিবেশনের প্রতিটি প্রস্তাব সভ্যদের ভোটের সংখ্যাধিক্যে মীমাংসিত হইবে। হাত তুলিয়া বা ভোট লিপিবদ্ধ করিয়া যে কোনভাবে সভ্যগণ ভোট দিবার পর ভোটের সংখ্যা সমান হইলে, যে সভায় ভোট গ্রহণ করা হইতেছে সেই সভার সভাপতি দ্বিতীয় বা অতিরিক্ত একটি ভোট দিবার অধিকারী থাকিবেন।

(২) সভার ভোট দেওয়ার কোন উত্তোলিত হাতের গুণতিতেই গৃহীত হইবে—যদি না সভার নোটিসের তারিখে স্থিত সভ্যসংখ্যার শতকরা দশজন সভ্য নির্বাচনের তিন দিন পূর্বে ভোট লিপিবদ্ধ করিবার দাবি জানান। এইরূপ ভোট লিপিবদ্ধ করিবার দাবি করা না হইলে এই ধরনের সভায় হাত তোলার দ্বারা নির্ধারিত প্রস্তাব গ্রহণ অথবা বর্জন সম্বন্ধে সভাপতি মহাশয়ের ঘোষণার এবং সভার কার্যবিবরণী খাতায় লিখিত বিবরণীতে প্রস্তাবটি আইনসম্মতভাবে গৃহীত অথবা পরিত্যক্ত হইয়াছে কি না তাহা পরিষ্কার জানা যাইবে, তবে প্রস্তাবের স্বপক্ষে বা বিপক্ষে কতজন বা কি পরিমাণ লিপিবদ্ধ হইয়াছিল সে সম্বন্ধে ইহা গৃহীত হইবে না।

প্রকাশ থাকে যে, যে কোন প্রস্তাবের স্বপক্ষে বা বিপক্ষে তাঁহারা ভোট লিপিবদ্ধ করাইতে পারেন।

(৩) যদি নিয়মিত ভোট লিপিবদ্ধ করার দাবি করা হয় তাহা হইলে সভার সভাপতি কর্তৃক নির্দিষ্ট স্থানে ও সময়ে এইভাবে ভোট গণনা করা হইবে এবং যে সভার ভোট লিপিবদ্ধ করিবার দাবি করা হইয়াছে, এই ভোট গণনার ফলাফল সেই সভার প্রস্তাবরূপে গৃহীত হইবে।

(৪) সভাপতি নির্বাচন অথবা সভা মুলতুবি রাখা সম্বন্ধে ভোট লিপিবদ্ধ করিবার দাবি অবিলম্বে গৃহীত হইবে।

(ক) নিয়মাবলী অনুসারে সভাপতি নির্দেশ দিলে ব্যালটের (গোপনীয়ভাবে কাগজে ভোট লিপিবদ্ধ করিয়া) সাহায্যে ভোট নেওয়া যাইতে পারিবে ;

(খ) সভার কার্যবিবরণীতে প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে কতজন সভ্য ভোট দিলেন তাহা লিপিবদ্ধ থাকিবে ;

(গ) যে কোন সভ্য প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে ভোট দিবার সময় তাঁহার নাম লিপিবদ্ধ করাইতে পারিবেন।

## সাধারণ সভার কার্যবিবরণী

৩৮। (১) সমিতির সাধারণ সভার কার্যাবলী তদুদ্দেশ্যে সংরক্ষিত একখানি খাতায় সংক্ষিপ্তভাবে লিপিবদ্ধ থাকিবে।

(২) এই বিবরণীতে উপস্থিত সভ্যগণের নাম এবং সভার প্রস্তাব ও কার্যাবলী লেখা থাকিবে এবং পরবর্তী সভায় উহা উপস্থিত করিতে হইবে।

(৩) সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী লিপিবদ্ধ না হইলে এবং সভা শেষ হইবার সঙ্গে সঙ্গে সভাপতি

SEAL OF THE ASSISTANT REGISTRAR OF CO-OPERATIVE SOCIETIES * CALCUTTA *



দ্বারা তাহা স্বাক্ষরিত করাইয়া না হইলে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না করিয়া সভা শেষ হইবার ৭২ ঘণ্টার মধ্যে সেই বিবরণী লিপিবদ্ধ করিয়া সভাপতি দ্বারা তাহা স্বাক্ষরিত করাইয়া লইতে হইবে। এইরূপ স্বাক্ষরিত বিবরণী সভার কার্যাবলীর প্রমাণ হইয়া থাকিবে।

(৪) বিপরীত কিছু প্রমাণিত না হইলে সাধারণ সভার লিপিবদ্ধ ও নথিভুক্ত কার্যাবলী মোতাবেক প্রত্যেক সাধারণ সভার অধিবেশন নিয়মানুযায়ী ডাকা হইয়াছে এবং অনুষ্ঠিত হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে।

## বোর্ড অফ ডিরেক্টরস্

৩৯। (১) বোর্ড অফ ডিরেক্টরস সমিতির কাজকর্ম চালাইবেন এবং সমিতি গড়িয়া তুলিবার বা রেজিস্টারি করিবার জন্য সর্বপ্রকার খরচ করিতে পারিবেন। দৈনন্দিন কাজকর্ম চালাইতে পারিবেন।

(২) আইনের বিধান, নিয়মাবলী, এই সকল উপবিধি এবং সাধারণ সভার অধিবেশনে যে সব রচিত হইয়াছে এবং যাহাদের কার্যকাল শেষ হইয়া যায় নাই, সেই সকল নিয়ম মান্য করিয়া কমিটি এমন সব চুক্তি ও ব্যবস্থা সম্পাদন করিতে পারেন, অথবা এমন সব কাজকর্ম করিতে পারেন যাহা সমিতির সুষ্ঠু পরিচালনার পক্ষে প্রয়োজনীয় এবং এই সমিতির উদ্দেশ্যপূরণে পক্ষে ও ইহার স্বার্থরক্ষা প্রসারের পক্ষে আবশ্যকীয়।

## বোর্ড অফ ডিরেক্টর সভ্যদের গুণাগুণ

৪০। (১) আইনের বিধান, নিয়মাবলী ও এই সকল উপবিধি অনুসারে ২১ বৎসরের ঊর্ধ্বে বয়স্ক সভ্যের ডিরেক্টর নির্বাচিত অথবা নিযুক্ত হইবার অধিকার থাকিবে।

(২) নিম্নোক্ত ত্রুটিগুলি থাকিলে কোন সভ্য ডিরেক্টর নির্বাচিত বা নিযুক্ত হইতে পারিবেন না—

(ক) কোন যোগ্যতাসম্পন্ন বিচারালয় যদি তাঁহাকে দেউলিয়া বা অব্যবস্থিতচিত্ত বলিয়া ঘোষণা করেন ;

(গ) নৈতিক স্থলনের অপরাধে যদি তিনি শাস্তি হিসাবে কারাদণ্ড ভোগ করিয়া থাকেন ;

(ঘ) সমিতির নিকট যদি সভ্যের দেনা থাকে এবং নির্বাচনের জন্য মনোনয়নপত্র পেশের দিন পর্যন্ত তা খেলাপি থাকে ;

(ঙ) সমিতির অধীনে কোন পদে বা লাভের ব্যাপারে যদি যুক্ত থাকে ; বা সভ্যজীবন অন্তত বারোমাস পূর্ণ না হইয়া থাকে।

## বোর্ড অফ ডিরেক্টরস্-এর গঠন প্রণালী

৪১। (১) (ক) সময় সময় অনুষ্ঠিত সাধারণ সভায় গৃহীত প্রস্তাবের অনুমোদন সাপেক্ষে সমিতির কার্য পরিচালনার ভার ৬ জনের দ্বারা গঠিত বোর্ড অফ ডিরেক্টরস-এর উপর ন্যস্ত থাকিবে। উক্ত ৬ জন সাধারণ সভ্যের মধ্যে থেকে এবং সাধারণ সভ্য দ্বারা নির্বাচিত হইবেন।

SEAL OF THE ASSISTANT REGISTRAR OF CO-OPERATIVE SOCIETIES * CALCUTTA *

For and on behalf of
Usha Co-operative Multipurpose Stores Ltd.
Chairperson

অনুষ্ঠিত হইবে। মুলতুবি রাখার নোটিস সমিতির প্রধান কার্যালয়, শাখাসমূহে এবং স্থানীয় পঞ্চায়েত অফিসে বিজ্ঞাপিত করিতে হইবে।

## সাধারণ সভার অধিবেশনে ভোট দিবার নিয়ম

৩৭। (১) সাধারণ সভার অধিবেশনের প্রতিটি প্রস্তাব সভ্যদের ভোটের সংখ্যাধিক্যে মীমাংসিত হইবে। হাত তুলিয়া বা ভোট লিপিবদ্ধ করিয়া যে কোনভাবে সভ্যগণ ভোট দিবার পর ভোটের সংখ্যা সমান হইলে, যে সভায় ভোট গ্রহণ করা হইতেছে সেই সভার সভাপতি দ্বিতীয় বা অতিরিক্ত একটি ভোট দিবার অধিকারী থাকিবেন।

(২) সভার ভোট দেওয়ার কোন উত্তোলিত হাতের গুণতিতেই গৃহীত হইবে—যদি না সভার নোটিসের তারিখে স্থিত সভ্যসংখ্যার শতকরা দশজন সভ্য নির্বাচনের তিন দিন পূর্বে ভোট লিপিবদ্ধ করিবার দাবি জানান। এইরূপ ভোট লিপিবদ্ধ করিবার দাবি করা না হইলে এই ধরনের সভায় হাত তোলার দ্বারা নির্ধারিত প্রস্তাব গ্রহণ অথবা বর্জন সম্বন্ধে সভাপতি মহাশয়ের ঘোষণার এবং সভার কার্যবিবরণী খাতায় লিখিত বিবরণীতে প্রস্তাবটি আইনসম্মতভাবে গৃহীত অথবা পরিত্যক্ত হইয়াছে কি না তাহা পরিষ্কার জানা যাইবে, তবে প্রস্তাবের স্বপক্ষে বা বিপক্ষে কতজন বা কি পরিমাণ লিপিবদ্ধ হইয়াছিল সে সম্বন্ধে ইহা গৃহীত হইবে না।

প্রকাশ থাকে যে, যে কোন প্রস্তাবের স্বপক্ষে বা বিপক্ষে তাঁহারা ভোট লিপিবদ্ধ করাইতে পারেন।

(৩) যদি নিয়মিত ভোট লিপিবদ্ধ করার দাবি করা হয় তাহা হইলে সভার সভাপতি কর্তৃক নির্দিষ্ট স্থানে ও সময়ে এইভাবে ভোট গণনা করা হইবে এবং যে সভার ভোট লিপিবদ্ধ করিবার দাবি করা হইয়াছে, এই ভোট গণনার ফলাফল সেই সভার প্রস্তাবরূপে গৃহীত হইবে।

(৪) সভাপতি নির্বাচন অথবা সভা মুলতুবি রাখা সম্বন্ধে ভোট লিপিবদ্ধ করিবার দাবি অবিলম্বে গৃহীত হইবে।

(ক) নিয়মাবলী অনুসারে সভাপতি নির্দেশ দিলে ব্যালটের (গোপনীয়ভাবে কাগজে ভোট লিপিবদ্ধ করিয়া) সাহায্যে ভোট নেওয়া যাইতে পারিবে ;

(খ) সভার কার্যবিবরণীতে প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে কতজন সভ্য ভোট দিলেন তাহা লিপিবদ্ধ থাকিবে ;

(গ) যে কোন সভ্য প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে ভোট দিবার সময় তাঁহার নাম লিপিবদ্ধ করাইতে পারিবেন।

## সাধারণ সভার কার্যবিবরণী

৩৮। (১) সমিতির সাধারণ সভার কার্যাবলী তদুদ্দেশ্যে সংরক্ষিত একখানি খাতায় সংক্ষিপ্তভাবে লিপিবদ্ধ থাকিবে।

(২) এই বিবরণীতে উপস্থিত সভ্যগণের নাম এবং সভার প্রস্তাব ও কার্যাবলী লেখা থাকিবে এবং পরবর্তী সভায় উহা উপস্থিত করিতে হইবে।

(৩) সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী লিপিবদ্ধ না হইলে এবং সভা শেষ হইবার সঙ্গে সঙ্গে সভাপতি



দ্বারা তাহা স্বাক্ষরিত করাইয়া না হইলে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না করিয়া সভা শেষ হইবার ৭২ ঘণ্টার মধ্যে সেই বিবরণী লিপিবদ্ধ করিয়া সভাপতি দ্বারা তাহা স্বাক্ষরিত করাইয়া লইতে হইবে। এইরূপ স্বাক্ষরিত বিবরণী সভার কার্যাবলীর প্রমাণ হইয়া থাকিবে।

(৪) বিপরীত কিছু প্রমাণিত না হইলে সাধারণ সভার লিপিবদ্ধ ও নথিভুক্ত কার্যাবলী মোতাবেক প্রত্যেক সাধারণ সভার অধিবেশন নিয়মানুযায়ী ডাকা হইয়াছে এবং অনুষ্ঠিত হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে।

## বোর্ড অফ ডিরেক্টরস্

৩৯। (১) বোর্ড অফ ডিরেক্টরস সমিতির কাজকর্ম চালাইবেন এবং সমিতি গড়িয়া তুলিবার বা রেজিস্টারি করিবার জন্য সর্বপ্রকার খরচ করিতে পারিবেন। দৈনন্দিন কাজকর্ম চালাইতে পারিবেন।

(২) আইনের বিধান, নিয়মাবলী, এই সকল উপবিধি এবং সাধারণ সভার অধিবেশনে যে সব রচিত হইয়াছে এবং যাহাদের কার্যকাল শেষ হইয়া যায় নাই, সেই সকল নিয়ম মান্য করিয়া কমিটি এমন সব চুক্তি ও ব্যবস্থা সম্পাদন করিতে পারেন, অথবা এমন সব কাজকর্ম করিতে পারেন যাহা সমিতির সুষ্ঠু পরিচালনার পক্ষে প্রয়োজনীয় এবং এই সমিতির উদ্দেশ্যপূরণে পক্ষে ও ইহার স্বার্থরক্ষা প্রসারের পক্ষে আবশ্যকীয়।

## বোর্ড অফ ডিরেক্টর সভ্যদের গুণাগুণ

৪০। (১) আইনের বিধান, নিয়মাবলী ও এই সকল উপবিধি অনুসারে ২১ বৎসরের উর্ধ্বে বয়স্ক সভ্যের ডিরেক্টর নির্বাচিত অথবা নিযুক্ত হইবার যোগ্য থাকিবে।

(২) নিম্নোক্ত ত্রুটিগুলি থাকিলে কোন সভ্য ডিরেক্টর নির্বাচিত বা নিযুক্ত হইতে পারিবেন না—

(ক) কোন যোগ্যতাসম্পন্ন বিচারালয় যদি তাঁহাকে দেউলিয়া বা অব্যবস্থিতচিত্ত বলিয়া ঘোষণা করেন ;

(গ) নৈতিক স্খলনের অপরাধে যদি তিনি শাস্তি হিসাবে কারাদণ্ড ভোগ করিয়া থাকেন ;

(ঘ) সমিতির নিকট যদি সভ্যের দেনা থাকে এবং নির্বাচনের জন্য মনোনয়নপত্র পেশের দিন পর্যন্ত তা খেলাপি থাকে ;

(ঙ) সমিতির অধীনে কোন পদে বা লাভের ব্যাপারে নিযুক্ত থাকে ; বা সভ্যজীবন অন্তত বারোমাস পূর্ণ না হইয়া থাকে।

## বোর্ড অফ ডিরেক্টরস্-এর গঠন প্রণালী

৪১। (১) (ক) সময় সময় অনুষ্ঠিত সাধারণ সভায় গৃহীত প্রস্তাবের অনুমোদন সাপেক্ষে সমিতির কার্য পরিচালনার ভার ৬ জনের দ্বারা গঠিত বোর্ড অফ ডিরেক্টরস-এর উপর ন্যস্ত থাকিবে। উক্ত ৬ জন সাধারণ সভ্যের মধ্যে থেকে এবং সাধারণ সভ্য দ্বারা নির্বাচিত হইবেন।

For and on behalf of
Usha Co-operative Multipurpose Stores Ltd.

Chairperson